হরিণাকুণ্ডুতে কৃষকের ভূট্টা ক্ষেত কেটে দিলো দুর্বৃত্তরা

ঋণ-ধার করা অর্থ দিয়ে ৪০শতক জমিতে ভূট্টা আবাদ করেছিলেন কৃষক আজিজুল হক মুন্সী চান। আর কদিন পরেই ঘরে তুলবে ভূট্টা ঋণের টাকা পরিশোধ করবে বলে আশায় বুক বেধেছিল, সাথে সাথে আসবে সংসারের স্বচ্ছলতা। কিন্তু দূর্বৃত্তরা সেই ফসল রাতের আধারে কেটে নষ্ট করায় দুশ্চিন্তায় পড়েছে ক্ষতিগ্রস্থ কৃষক।

ঘটনাটি ঘটেছে ২৫ জানুয়ারি দিবাগত রাতে ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার ভায়না ইউনিয়নের দোবিলা গ্রামে। পূর্ব শত্রুতার জের ধরে দোবিলা গ্রামের নিরীহ কৃষক আজিজুল হক মুন্সী (চাঁন) এর ৬০ শতক জমির মধ্যে ৪০ শতক জমির ভুট্টা গাছ কেটে দিয়েছে দূর্বৃত্তরা।

ক্ষতিগ্রস্থ কৃষক আজিজুল হক বলেন, আমি বিভিন্ন এনজিও থেকে লোন করে এই ভূট্টা চাষ করেছিলাম। মানুষের কি এমন ক্ষতি করেছি যে মাঝে মধ্যেই আমার উৎপাদিত ফসল বিনষ্ট করে। ইতি পূর্বে আমার বাড়ি নির্মাণের সময়ে তাঁরা আমাকে মারধর করেছে, এবার আবার রাতের আঁধারে তারা আমার চলতি মৌসুমে ৪০ শতক জমির ভূট্টা গাছ কেটে দিয়েছে। এতে আমার লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে। এখন ঋণের দায়ে পথে বসে গেছি। কৃষক চাঁন তার কষ্টার্জিত ভুট্টার ক্ষেত ক্ষতিগ্রস্থ হওয়ায় দিশেহারা হয়ে পড়েছে। সাংবাদিকদের সাথে কথা বলতে বলতে তিনি কান্নায় ভেংগে পড়েন।

এলাকার বিশিষ্ট্য ব্যবসায়ী আলমগীর হোসেন জানান, গ্রামের ফসল এভাবে যারা ক্ষতি করে তারা মানুষের আওতায় পড়ে না। গ্রামে একে অপরের মধ্যে শত্রুতা থাকতে পারে তারমানে এই নয় যে, কারো ফসল ক্ষতি করবো। আসলে এটা একটা দন্ডনীয় অপরাধ এদরকে চিহ্নিত কর আইনের আওতায় আনার দাবী জানায়।

ভায়না ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য নজরুলল ইসলাম জানান, একজন চাষির ফসল এভাবে কেটে দেওয়ায় আমি হতবাক। তাছাড়া আমি এঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছি।

কৃষি বিভাগের পক্ষ থেকে ক্ষতিগ্রস্থ কৃষকের ফসলী জমি পরিদর্শন করে সহায়তা প্রদানের আশ্বাস দিয়েছেন হরিণাকুণ্ডু উপজেলা কৃষি অফিসার শাহীন ইসলাম।

এদিকে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ (ওসি) মোঃ জিয়াউর রহমান এ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন আজ (২৯ জানুয়ারি) সোমবার এব্যাপারে থানায় একটি অভিযোগ দিয়েছেন। বিষয়টি তদন্তাধীন আছে, অপরাধী যেই হোক খুব শিগ্রই সে আইনের আওতায় আসবে বলে জানান।

হরিণাকুণ্ডুতে একই স্কুলের শিক্ষক-শিক্ষিকা বরখাস্ত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার তোলা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমিরুল ইসলাম ও একই স্কুলের ধর্মীয় শিক্ষিকা আসমা খাতুনকে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে সাময়িক বরখাস্ত করেছে স্কুল কমিটি।

গতকাল বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) দুপুরে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে তাদের এই সাময়িক বরখাস্ত করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া। তবে স্থানীয়রা ওই শিক্ষক-শিক্ষিকাকে স্থায়ী বহিষ্কারের দাবী জানিয়েছেন।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়ার স্বাক্ষরিত পত্র থেকে জানা যায়,অভিযুক্ত শিক্ষক এবং শিক্ষিকার অনৈতিক সম্পর্কের কথোপকথনের স্ক্রিনশট সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ায় কমিটির অধিকাংশ সদস্যের সিদ্ধান্ত মোতাবেক ওই দুইজনকে আগামী দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হলো। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা সেসংক্রান্ত কিছুই উল্লেখ করা হয়নি।

জানাযায়, গত ১৫ জানুয়ারি তোলা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আমিরুল ইসলাম ও শিক্ষিকা আসমা খাতুনের ফেইসবুক মেসেঞ্জারের অশ্লীল কথোপকথনের স্ক্রিনশট সোস্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে এবং মুহূর্তেই তা ভাইরাল হয়। ম্যসেঞ্জারের অশ্লীল চ্যাট এর বিষয় সামনে আসার পরে বোঝা যায় শিক্ষক আমিরুল ও শিক্ষিকা আসমার মধ্যে দীর্ঘদিন পরকীয়া চলে আসছে। তাদের মোবাইল চ্যাটিং এ আরো বোঝা যায় যে তারা একে অপরের শরীর দেখা দেখিও করে এবং কোন এক

আত্মীয়দের বাসায় যেয়ে নিজেদের মধ্যে শারীরিক সম্পর্ক করার পরিকল্পনাও তারা করেন।

তবে অভিযুক্ত শিক্ষক আমিরুল ইসলাম বলেন,আমি ফেইসবুক সম্পর্কে ভালো বুঝিনা। কেউ আমার আইডি হ্যাক করে আমার সুনাম ক্ষুন্ন করার জন্য এসব কাজ করেছে।

এদিকে তাদের অশ্লীল চ্যাটিং সামাজিক যোগাযোগে মাধ্যমে ভাইরাল হওয়ার পরে স্কুল পড়ুয়া ছেলে মেয়ে ও অভিভাবকদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

গতকাল বৃহস্পতিবার সকালে অবিভাবক ও এলাকাবাসী স্কুলে এসে ওই শিক্ষক ও শিক্ষিকাকে স্কুল থেকে বরখাস্ত ও চাকুরীচুত্য করার দাবি জানিয়ে প্রধান শিক্ষক ও সভাপতির উপরে চাপ প্রয়োগ করে। পরে থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। প্রশাসনের উপস্থিতিতে ম্যানেজিং কমিটির সভায় অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে সাময়িক বরখাস্ত করা হয়।

এবিষয়ে তোলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া বলেন, ম্যানেজিং কমিটির বৈঠকে সদস্যদের সর্বসম্মতিক্রমে অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হয়েছে। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে কিনা,এমন প্রশ্নের কোনো জবাব তিনি দেননি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন, এলাকার সামজিক কোন্দল থেকেই এই ঘটনা ঘটেছে। আসমা খাতুন ধর্মীয় শিক্ষক, সে এমন কাজ করতে পারে বলে আমার মনে হয়না। সাময়িক বরখাস্তের বিষয়ে তিনি কিছু বলতে পারেননি। সামনে সপ্তাহে স্কুলে গিয়ে বিষয়টি তিনি দেখবেন বলে জানান।

হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী

লীগের উদ্যোগে জনসভায় এমপি মহুল

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে জনসভা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলা ফুটবল মাঠের জনসভায় ঝিনাইদহ-২ আসনের নবনির্বাচিত এমপি নাসের শাহরিয়ার জাহেদী কে হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, স্বচ্ছাসেবক লীগ, কৃষক লীগ ও ছাত্রলীগসহ বিভিন্ন ইউনিয়ন আওয়ামী লীগের নেতৃবৃন্দ ও চেয়ারম্যানদের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

সংবর্ধনা শেষে বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তৃতায় নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, আমাকে যারা ভোট দিয়েছেন এবং যারা ভোট দেননি আমি সকলেরই এমপি। আমি কারও কাছে এমপি স্যার বা সাহেব নয়, আমি সকলের কাছে আপনাদের আগের সেই প্রিয় দাদা ভাই হিসেবেই থাকতে চাই। নির্বাচনের আগে যারা সহিংসতা করেছেন বাড়িতে বাড়িতে যেয়ে হুমকি দিয়েছেন, তারা অনুতপ্ত হয়ে আমার সহকর্মী এবং সমর্থকদের সাথে মিলেমিশে থাকবেন, সবাইকে নিয়ে আমি কাজ করতে চাই। কারও বিরুদ্ধে মামলা থাকলে সেটা তাকে মোকাবিলা করে আসতে হবে।

তিনি আরও বলেন উন্নয়ন একদিনে সমাধান করার কাজ নয়, আমরা সবাই কে নিয়ে উন্নয়ন কাজে হাত দেব। প্রথমে আমাদের যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। আমরা অভিভাবক হিসেবে এটাই হবে আমরা প্রধান কর্মসূচি, প্রতিবছর অন্তত: ১হাজার যুবককে কর্মসংস্থানের চেষ্টা করবো।

হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দারের সভাপতিত্বে জনসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, উপজেলা আওয়ামী লীগের নেতা আফজাল হোসেন, এমপির ভাই নির্বাচনের সমম্বয়কারী আবু শাহরিয়ার জাহেদী পিপুল, জেলা আওয়ামী লীগের যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মামুনুর রশীদ টোকন, উপজেলা আওয়ামী লীগের নেতা সাজেদুল ইসলাম টানু মল্লিক, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রানা হামিদ, উপজেলা যুবলীগের আহবায়ক আশরাফুল হক জুয়েল, ফলসী ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড.বজলুর রহমান, দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদ, রঘুনাথপুর ইউনিয়নের চেয়ারম্যান বশির আহাম্মেদসহ বিভিন্ন পর্যায়ে নেতৃবৃন্দ।

হরিণাকুণ্ডুতে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে হরিনাকুন্ডু পৌরসভার আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সে সময় উপজেলা নির্বাহী অফিসার আক্তার হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ জিয়াউর রহমান, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

খেলায় পৌরসভার ১০টি দল দুটি গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিবে। উদ্বোধনী ম্যাচে ১৫ ওভারের খেলায় পৌরসভার ১ নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড অংশ নেয়। মাদক ও মোবাইল গেমস থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখতে এমন ধরণের আয়োজন বলে জানান আয়োজকরা।

হরিণাকুণ্ডুতে ঈগল সমর্থকের পা ভাঙ্গলেন নৌকা সমর্থকরা

ঝিনাইদহের হরিণাকুণ্ডুর উপজেলার কাপাশাটিয়া ইউনিয়নের চারাতলা বাজারে পাাশে নৌকার সমর্থকরা দুলালের নেতৃত্বে স্বতন্ত্র প্রার্থীর সমর্থক হাফিজুর রহমান টুকুর পা ভেঙ্গে দিলো।

আজ বৃহস্পতিবার (২৮ডিসেম্বর) সকালে কাপাশাটিয়া ইউনিয়নের চারাতলা

বাজারের পাশে কাকল বিলে নিজের পুকুরে যাওয়ার পথে তার উপরে এ হামলা করে। হাফিজুর রহমান টুকু একই ইউনিয়নের ৫নংওয়ার্ডের পায়রাডাঙ্গা গ্রামের মোস্তফা মন্ডলের ছেলে।

আহত হাফিজুর রহমান টুকুর বড় ভাই টিপু সুলতান জানান, আমার ভাই সকাল ১০টার দিকে কাকল বিলে নিজের পুকুরে কাজ করতে যাচ্ছিল। এসময় পুকুরে পৌছানোর আগ মুহুর্তে পূর্ব শত্রুতার জেরে স্বতন্ত্র প্রার্থীর সমর্থন করায় চেয়ারম্যান শরাফতদ্দৌল্লা ঝন্টুর আশ্রিত সন্ত্রাসী বাহিনী দুলালের নেতৃত্বে আরো কয়েকজন ব্যক্তি টুকুর উপর হামলা করে। এসময় তারা আমার ভাইকে প্রথমে হাতুরি দিয়ে পা ভেঙ্গে দেয়। পরে ডেগার গিয়ে কুপিয়ে জখম করে রেখে যায়। আমরা খবর পেয়ে উদ্ধার করে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করি।

আহত হাফিজুর রহমান টুকু জানান, আমি কাকল বিলে নিজের পুকুরে যাচ্ছিলাম এসময় পুকুরের কাছাকাছি পৌছালে ঝন্টুর চেয়ারম্যানের অনুসারী দুলালসহ আরো কয়েকজন সন্ত্রাসী আমার উপরে হামলা করে। আমি একা থাকাই কয়েকজন মিলে আমাকে হাতুড়ি দিয়ে পায়ে আঘাত করে। পরে ছুরি ও রাম দা দিয়ে কোপাতে থাকে। রামদা দিয়ে কোপাতে গেলে আমি বাছার জন্য পা দিয়ে লাথি মারলে রামদা পড়ে যায় আমিও অল্পের জন্য বেঁচে যায়। এরপর আমাকে ওরা এলোপাতারি মারতে থাকে। শরাফতদৌলা ঝন্টু চেয়ারম্যান কে ফোনে পাওয়া যায়নি।

হরিণাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জিয়াউর রহমান হামলার ঘটনাটি শুনেছেন। থানায় অভিযোগ ভিত্তিতে কারা কারা জড়িত ছিল তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

হরিণাকুণ্ডুতে স্বতন্ত্র প্রার্থী মহুলের গণসংযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার দৌলতপুর ইউপি কার্যলয়ের সামনে পৌর এলাকার আমের চারা বাজারে, জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ফলসি ইউনিয়নের ফলসিতে ব্যাপক গণসংযোগ করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সহ সভাপতি রেডিয়েন্ট

ফার্মাসিউটিক্যালসের চেয়ারম্যান স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

গতকাল বিকালে উপজেলার দৌলতপুর ইউনিয়ন থেকে নির্বাচনী প্রচারাভিযান শুরু করেন। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদের সভাপতিত্বে প্রথম সভায় বক্তব্য রাখেন ঈগল প্রতিকের প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল।

অনুষ্ঠানে হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, সাইদুর রহমান, সাবদার রহমান ও শাহরিয়ার জাহেদী পিপুল উপস্থিত ছিলেন। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, জেলার কোন দ্বায়িত্বশীল প্রতিনিধি না হয়েও আমি জেলার মানুষকে অন্তর দিয়ে ভালোবাসি। এই জেলা আমার নয়নের মনি। এরপর আমের চারা বাজারে পথসভায় বক্তব্য রাখেন তিনি। এসভা টানু মল্লিকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

এসময় তার সাথে ছিলেন উপজেলা আওয়ামী সভাপতি মশিয়ার রহমান জোয়ারদার, সাইফুল ইসলাম টিপু মল্লিক, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। সন্ধ্যারপর জোড়াদহ ইউনিয়নের জটারখাল সরকারী প্রাথমিক বিদ্যালয় এক পথ সভা অনুষ্ঠিত হয়। জোড়াদহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা পলাশের সভাপতিত্বে বক্তব্য রাখেন নাসের শাহরিয়ার জাহেদী মহুল। এসময় উপস্থিত ছিলেন মশিয়ার রহমান জোয়ারদার, এ্যাডভোকেট নজরুল ইসলাম, শাহরিয়ার জাহেদী পিপুলসহ অন্যান্যরা। নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন আমি তরুনদের নিয়ে কাজ করতে চায়। তরুনরা আমার প্রান। তরুনদের কর্মসংস্থান করাই আমার মূল লক্ষ্য হবে। আপনারা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাবেন যাকে ইচ্ছা তাকে ভোট দিবেন। প্রধান মন্ত্রী শেখ হাসিনা নির্ভয়ে ভোট কেন্দ্রে যাওয়ার নিশ্চয়তা দিয়েছেন। আপনাদের ভয়ের কোন কারণ নেই। এরপর রাতে ফলসি ইউনিয়নের ফলসীগ্রামে গণসংযোগ করেন।

এই পথসভার বক্তৃতায় নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন, “উন্নয়ন দিয়ে ঝিনাইদহকে সাজাতে তিনি বদ্ধপরিকর। অন্তত ৩০ বছর ধরে আমি ও আমার পরিবার ঝিনাইদ-হরিণাকুন্ডুর মানুষকে খেদমত করে যাচ্ছি। স্কুল, কলেজ, মসজিদ ও মাদ্রাসার উন্নয়নের প্রচেষ্টা আরো জোরদার করা হবে। প্রতিটি পথসভায় শত শত কর্মী সমর্থক ও সাধারণ ভোটারের ঢল নামে। মহুল সাহেবকে একনজর দেখার জন্য এবং তাকে অভিনন্দন জানাতে রাস্তায় উৎসুক ভীড় জমে। এসময় নেতা কর্মীরা উৎসাহমূলক বিভিন্ন প্রখার শ্লোগান দিতে থাকেন।

হরিণাকুণ্ডুতে নৌকার নির্বাচনী সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয় মাঠে দ্বাদশ জাতীয় সাংসদ সদস্য নির্বাচনে ঝিনাইদহ-২ আসনের আওয়ামীলীগ মনোনীত প্রার্থীর জয় নিশ্চিত করতে নির্বাচনের করণীয় বিশয়ের বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম এর সভাপতিত্বে ও পৌরসভার মেয়র মোঃ ফারুক হোসেন এর সঞ্চালনায় সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ রবিউল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন পৌর নির্বাচন পরিচালনা কমিটির আহবায়ক সাবেক মেয়র শাহীনুর রহমান রিন্টু।
এসময় উপস্থিত ছিলেন নির্বাচন পরিচালনা কমিটির সদস্য উপজেলা কৃষক লীগের সভাপতি আব্দুল্লাহ আল বাকী শিলু,উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাফেদুল হক সুমন, উপজেলা আওয়ামী লীগের নেতা আক্তারুজ্জামান পলাশ, উপজেলা যুবলীগের যুগ্ম-আহবায়ক আব্দুল্লাহ মারুফ, প্যানেল মেয়র সিদ্দীকুর রহমান।

এছাড়াও পৌর কাউন্সিলর সাইফুল ইসলাম, হাসেম আলী, রেজাউল ইসলাম, আবু আসাদ রুনু, বাবুল আক্তার, নিখিল হালদার, সংরক্ষিত মহিলা কাউন্সিলর সায়েরা খাতুন, নারগীস পারভীন, সম্পা খাতুন, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক আবু সাইদ টুনু, পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক হোসাইন আলী, লালনশাহ কলেজ ছাত্রলীগের সভাপতি শিমুল রেজা, সাধারণ সম্পাদক রানা মিয়াসহ পৌর আওয়ামী লীগের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য নেতৃবৃব্দ।

সভায় বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী তাহজিব আলম সিদ্দিকী সমি’র (নৌকা) প্রতীকের জয় নিশ্চিত করতে বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা করা হয়।

হরিণাকুণ্ডুতে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে নগদ অর্থ প্রদান

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে নগদ অর্থ প্রদান করা হয়েছে।

আজ সোমবার (১১ডিসেম্বর) দুপুরে হরিণাকুন্ডু পৌরসভার সম্মেলন কক্ষে এ অর্থ প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের পক্ষ থেকে বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের সম্মানে এ অর্থ বরাদ্দ দেওয়া হয়। জেলার হরিণাকুন্ডু উপজেলার শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের খুলনা বিভাগীয় চ্যাম্পিয়ন হয়। সে উপলক্ষে হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন সরকারের দেওয়া অর্থ খুদে খেলোয়াড়দের হাতে তুলে দেন।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম. সাইফুজ্জামান তাজু, টিম লিডার আব্দুস সামাদ আজাদ দিপু, শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউসুফ আলী, পৌরসভার কাউন্সিলর ও বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের শ্রেষ্ঠ খেলোয়াড়কে ৫ হাজারসহ ১৮ জন খেলোয়াড়ের প্রত্যেককে ২ হাজার টাকা করে সম্মানী প্রদানসহ পৌরসভার পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ফলিত পুষ্টি বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক স্কুল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ কৃষি মন্ত্রনালয়ের অধিনস্ত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পের অর্থায়নে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর উদ্যোগে রবিবার (১০ডিসেম্বর) সকাল ১০টা থেকে উপজেলার ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই ক্যাম্পেইন শুরু হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুচ আলী সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মনিরুল ইসলাম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে সাংবাদিক মোঃ শাহানুর আলম, বিদ্যালয়ের সভাপতি গোলাম রহমান, সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস প্রমূখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক নানা দিক তুলে ধরেণ এবং ছাত্রছাত্রীদের সুষম খাদ্য গ্রহনের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা আব্দুল মজিদ এবং সহকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল আহাম্মেদ। আলোচনা শেষে শিক্ষার্থীদের হাতে দুইটি ফলের চারা, দুই পেকেট সবজি বীজ এবং দুপুরের খাবার তুলে দেন।

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সড়ক

দূঘটনায় নি*হ*ত ১

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে ছেলেকে স্কুলে ভর্তি করাতে গিয়ে মোটরসাইকেল উল্টে আবু তালেব (৩২) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন।

আজ বুধবার (৬ ডিসেম্বর) সকালে শহরের জিনিয়াস প্রি-ক্যাডেট স্কুলের সামনে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় নিহত আবু তালেব উপজেলার হরিশপুর গ্রামের মোশাররফ হোসেনের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে আবু তালেব তার ছেলেকে ভর্তির জন্য স্কুলে নিয়ে যাচ্ছিলেন। শহরের জিনিয়াস প্রি-ক্যাডেট স্কুলের সামনে ছেলেকে নামিয়ে দেন। এ সময় মোটরসাইকেল উল্টে তিনি সড়কে পড়ে যান। এতে তিনি মাথায় আঘাত পান। উদ্ধার করে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে চিকিৎসাধীন অবস্থায় দুপুর সাড়ে ১২টার দিকে তিনি মারা যান।

হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তরিকুল ইসলাম জানান, দুর্ঘটনায় আবু তালেব মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাত পান। এছাড়া তার হার্টের সমস্যা আছে। অবস্থা গুরুতর হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেলে পাঠানো হয়।

হরিণাকুণ্ডু থানার ওসি মাহাবুবুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে থানায় অপমৃত্যু মামলা করা হয়েছে।